

শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

নং-৩৮.০১.০০০০.০২০.০১.০৪২.১৯-৯৮৩

তারিখঃ ২৫ আশ্বিন ১৪২৬ বঃ
০৯ অক্টোবর ২০১৯ খ্রিঃ

অফিস আদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়/কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষক-কর্মচারীদের ট্রাস্ট দপ্তরে প্রেরিত পত্রাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের নির্দেশনা রয়েছে। কিন্তু ইদানিং লক্ষ করা যাচ্ছে, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়/কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কতিপয় শিক্ষক-কর্মচারিগণ “যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে” প্রেরণ না করে সরাসরি ট্রাস্ট দপ্তরে প্রেরণ করেন; যা নির্দেশনার পরিপন্থী। কোন পত্রের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ অবহিত না থাকলে কিংবা পত্রে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ না থাকলে ট্রাস্ট দপ্তর কর্তৃক উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে সমস্যার সৃষ্টি হয়।

এমতাবস্থায়, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়/কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষক-কর্মচারিগণ যথাযথ কর্তৃপক্ষ তথা বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি/সদস্য সচিবের মাধ্যমে পত্রাদি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম/সুপারিশ ব্যতিত প্রেরিত পত্রাদি গ্রহণযোগ্য হবেনা।

স্বাঃ

(হাবিবুর রহমান)
পরিচালক (যুগ্ম-সচিব)
ফোন : ৫৫০৭৪৮৮৪

তারিখঃ ২৫ আশ্বিন ১৪২৬ বঃ
০৯ অক্টোবর ২০১৯ খ্রিঃ


নং-৩৮.০১.০০০০.০২০.০১.০৪২.১৯-

কার্যার্থে বিতরণ:

- ১। উপ-পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ২। সহকারি পরিচালক (প্রশা: ও অর্থ/শিক্ষা), শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৪। উপ-সহকারী প্রকৌশলী, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৬। অফিস সহকারি (প্রশাসনিক/শিক্ষা), শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৭। পি এ টু পরিচালক/উপপরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৮। হিসাব রক্ষক/কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৯। প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় (সকল)।
- ১০। সহকারি শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় (সকল)।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল), (আপনার আওতাধীন বিদ্যালয়ের পত্রাদি আপনার মাধ্যমে প্রেরণের অনুরোধসহ)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট) (আপনার আওতাধীন বিদ্যালয়ের পত্রাদি আপনার মাধ্যমে প্রেরণের অনুরোধসহ)।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (আপনার আওতাধীন বিদ্যালয়ের পত্রাদি আপনার মাধ্যমে প্রেরণের অনুরোধসহ)।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট) (আপনার আওতাধীন বিদ্যালয়ের পত্রাদি আপনার মাধ্যমে প্রেরণের অনুরোধসহ)।
- ৭। সংরক্ষণ কপি।



(হাবিবুর রহমান)
পরিচালক (যুগ্ম-সচিব)
ফোন : ৫৫০৭৪৮৮৪